# ইরানি তেলে বিধিনিষেধ শিথিলের আভাস দিল যুক্তরাষ্ট্র



সংগৃহীত ছবি

বিশ্ববাজারে জ্বালানির সরবরাহ স্বাভাবিক রাখতে সমুদ্রে অবস্থানরত ইরানি তেলের ওপর নিষেধাজ্ঞা কিছুটা শিথিল করা হতে পারে বলে ইঙ্গিত দিয়েছে যুক্তরাষ্ট্র। ফক্স বিজনেস–কে দেওয়া এক সাক্ষাৎকারে এ তথ্য জানান মার্কিন অর্থমন্ত্রী স্কট বেসেন্ট। বিষয়টি নিয়ে প্রতিবেদন প্রকাশ করেছে আল জাজিরা।

পরিস্থিতি সামাল দিতে প্রয়োজন হলে যুক্তরাষ্ট্র নিজস্ব কৌশলগত তেলভান্ডার থেকেও বাজারে তেল সরবরাহ করতে পারে বলেও জানান তিনি। এর আগে সপ্তাহের শুরুতে স্কট বেসেন্ট উল্লেখ করেন, ওয়াশিংটনের অবগতির মধ্যেই ইরানি তেলবাহী ট্যাংকারগুলো হরমুজ প্রণালি অতিক্রম করা শুরু করেছে। এতে বৈশ্বিক তেল সরবরাহে স্থিতিশীলতা বজায় রাখতে সহায়তা মিলছে।

LENS ASIA